

## সূচি

ভূমিকা ॥ ৯

পাসপোর্ট ॥ ১৩

সফরের সম্বল ॥ ১৫

মৃত্যু ॥ ১৬

ইসরাফিলের শিংগায় ফুৎকার ॥ ২৫

কেয়ামতের ময়দান ॥ ২৯

আমলনামা ॥ ৩২

দাঁড়িপাল্লা ॥ ৩৪

পুলসিরাত ॥ ৩৭

জাহান্নাম ॥ ৪১

আলকাতরা এবং আগুনের পোশাক ॥ ৪২

সংকীর্ণ স্থানে নিক্ষেপ ॥ ৪৩

নতুন চামড়া বানানো হবে ॥ ৪৪

পানির জন্য আর্তনাদ ॥ ৪৫

মাথার উপর ফুটন্ত পানি ঢালা হবে ॥ ৪৭

জাহান্নামীরা খানা চাইবে ॥ ৪৮

- আগুনের বাসস্থান ॥ ৫০
- শাস্তি কমানোর আবেদন ॥ ৫০
- জাহান্নাম থেকে বের হতে চাইলে হাতুড়ি দিয়ে আঘাত ॥ ৫১
- জাহান্নামীদের সাথে আল্লাহ্ কথা বলবেন না ॥ ৫২
- শয়তানকে দোষারোপ ॥ ৫৩
- জাহান্নামীদের অনুশোচনা ॥ ৫৪
- জাহান্নামের ৭টি দরজা ॥ ৫৬
- জান্নাত ॥ ৬২
- বেহেশতের ভিসা ॥ ৬৩
- জান্নাতীদের স্বাগতম ॥ ৬৪
- বেহেশতের পোশাক ॥ ৬৫
- জান্নাতীদের বসার স্থান ॥ ৬৬
- পবিত্র পানীয় দিয়ে আপ্যায়ন ॥ ৬৭
- খাবারের প্লেট স্বর্ণ ও রৌপ্যের হবে ॥ ৬৮
- জান্নাতীদের ভোজন ॥ ৬৯
- বিভিন্ন রকমের ফলফলাদি ॥ ৭০
- বেহেশতীদের বাসস্থান ॥ ৭১
- জান্নাতীরা আল্লাহকে দেখতে পাবেন ॥ ৭২
- জান্নাতের দরজা আটটি ॥ ৭৪
- জাহান্নাম থেকে মুক্তি পাবার উপায় ॥ ৭৮

## ভূমিকা

সমস্ত প্রশংসা মহান আল্লাহ তা'আলার জন্য, যিনি তাঁর সৃষ্টি জগতের মধ্যে মানুষকে জ্ঞান দিয়ে সম্মানিত করেছেন। আর সৃষ্টির সেরা মহিমানব মুহাম্মদ (সা) এর প্রতি অসংখ্য সালাত ও সালাম, যাকে পৃথিবীর মানুষের জন্য শিক্ষক হিসেবে আল্লাহ প্রেরণ করেছেন। তাঁর মূল্যবান বাণী অনুসরণ করলে, আল্লাহ রাব্বুল আ'লামীনের প্রদর্শিত সিরাতুল মুস্তাকিমের পথে চলা সহজ হয়। যুগ যুগ ধরে যারা ইসলামের কথা বলতে গিয়ে শহীদ হয়েছেন, তাঁদের মর্যাদা বৃদ্ধির জন্য আল্লাহর কাছে প্রার্থনা করছি।

সুপ্রিয় পাঠক, আমাদের সকলের চিন্তা করা উচিত এই পৃথিবীতে আসার আগে আমরা কোথায় ছিলাম? কোথায় আসলাম? আবার কোথায় যাব? আমাদের শেষ পরিণতি সুখের হবে, নাকি দুঃখ বেদনা দ্বারা ভরপুর হবে। সেই হিসাব আমরা দুনিয়ায় থাকাবস্থায় করতে পারি। আমরা এমন এক গন্তব্যের দিকে ছুটে চলছি, যেখানে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র, থাকার নির্দিষ্ট স্থান, পোশাক-পরিচ্ছদ, খাওয়া-দাওয়া ও টাকা-পয়সার কোনো নিশ্চয়তা নেই। ঐ সফরটি

## পাসপোর্ট

আপনাদের সকলের জানা রয়েছে কোনো মানুষ অন্য দেশে যেতে চাইলে প্রথমে পাসপোর্ট বানাতে হয়। আর পাসপোর্ট বানালেই অন্য দেশে যাওয়া যায় না। সেই জন্য তাতে ভিসা লাগাতে হবে। তাই যারা আল্লাহর জান্নাতে যেতে চায় তাদের একটি পাসপোর্ট থাকবে, সেই পাসপোর্টের মধ্যে জান্নাতে প্রবেশের ভিসা থাকবে। আমাদের প্রিয় নবী মুহাম্মদ (সা) থেকে পাসপোর্ট সম্পর্কিত একটি হাদীস বর্ণিত হয়েছে। হাদীসটি হচ্ছে :

وَعَنْ سَلْمَانَ الْفَارِسِيِّ (رض) قَالَ قَالَ  
رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَدْخُلُ  
الْجَنَّةَ أَحَدٌ إِلَّا بِجَوَازِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ  
الرَّحِيمِ - هَذَا كِتَابٌ مِّنَ اللَّهِ لِفُلَانِ بْنِ  
فُلَانٍ، أَدْخِلُوهُ جَنَّةَ عَالِيَةِ قُطُوفِهَا دَانِيَةً.  
(رَوَاهُ أَحْمَدُ)

অর্থ : সালমান ফার্সী (রা) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সা) বলেছেন : কোনো ব্যক্তি জান্নাতে প্রবেশ করতে পারবে না, তবে তার পাসপোর্ট থাকতে হবে। যাতে “বিসমিল্লাহির রাহমানীর রাহীম” লেখা সম্বলিত ভিসা থাকবে। এই পাসপোর্টটি অমূকের পুত্র অমূকের জন্য। তাঁকে জান্নাতের সর্বোচ্চ স্তরে প্রবেশ করাও, তাঁর জন্য ফলফলাদির গাছগুলো কাছেই ঝুঁকে থাকবে। (আহমদ)

আপনাদের আরো জানা রয়েছে প্রত্যেক পাসপোর্টে বাহকের নাম, পিতার নাম, মাতার নাম, ধর্ম, জন্মস্থান, জন্ম তারিখ, পাসপোর্টের মেয়াদ, বর্তমান ও স্থায়ী ঠিকানা লেখা থাকে। আল্লাহ রাব্বুল আলামীন কর্তৃক পরকালের পাসপোর্টে এ সকল কিছু অনুরূপ লিপিবদ্ধ থাকবে। এর একটি নমুনা নিম্নে দেয়া হলো :

নাম : আবদুল্লাহ

পিতা : আদম (আ)

মাতা : হাওয়া (আ)

ধর্ম : ইসলাম

জন্মস্থান : আ'লমে আরওয়াহ

জন্ম তারিখ : দুনিয়ার ভূমিষ্ঠের দিন  
পাসপোর্টের মেয়াদ : অনন্তকাল  
বর্তমান ঠিকানা : দুনিয়া  
স্থায়ী ঠিকানা : জান্নাত

### সফরের সম্বল

দুনিয়ার জীবনে আমরা দেখি, কোনো মানুষ ভিন্ন দেশে যাওয়ার পূর্বে প্রয়োজনীয় জিনিসপত্র আগে ভাগেই যোগাড় করে একটি ব্যাগে সাজিয়ে রাখে। বিশেষ করে সে যে স্থানে থাকবে, ঐ স্থানের ঠিকানা, বাসার ফোন নম্বর, টাকা-পয়সা সাথে নিয়ে যায়। বিপদের সময় এগুলোর মাধ্যমে সে জীবন রক্ষার চেষ্টা করে। কিন্তু পৃথিবীর সকল মানুষ এমন একটি দেশে যেতে হবে, যে দেশের ইমিগ্রেশনে অর্থাৎ মৃত্যুর সাথে সাথে সে বলতে পারবে তার স্থানটি সুখময় নাকি দুঃখময়। প্রত্যেক স্থানে জান্নাতীদেরকে স্বাগত ও অভিনন্দন জানানো হবে। অপরদিকে জাহান্নামীদের সামনে একটি বিপদের পরই আরেকটি বিপদ উপস্থিত হবে। জাহান্নামীরা তখন আফসোস করবে, কেন আমরা আল্লাহ ও রাসূলের পথ অনুসরণ